## পার্টনার ফার্মারস মার্কেটিং হাব নির্মাণ (বিনিয়োগকারী ও স্থান নির্ধারণ) সংক্রান্ত গাইডলাইন

### ১.০ পার্টনার ফার্মারস হাব

পার্টনার ফার্মারস হাব একটি ওয়ান স্টপ কৃষি বাণিজ্যিক হাব যেখানে কৃষকদের মান সম্মত উপকরণ সেবা, কৃষি মেশিনারিজ সেবা (ভাড়ার ভিত্তিতে), পণ্য কালেকশন (ক্রয়-বিক্রয়ের সুবিধা) এবং কৃষি বিষয়ক পরামর্শ সেবা প্রদান করা হয়।

### ১.১ সেবাসমূহ:

১। কৃষি বিষয়ক পরামর্শক সেবা;
২। কৃষি উপকরণ বিক্রয় সেবা (চারা ও বীজ, কৃষি মেশিনারিজ);
৩। ওয়াশিং সুবিধা, ওজন সবিধা;
৪। প্যাকিং সুবিধা;
৫। ফসল ক্রয় ও বিক্রয়ের সুবিধা।

### ১.২ অবকাঠামোর তালিকা:

১। উন্মুক্ত স্পেস (ক্রয় ও বিক্রয়ের জন্য);
২। কালেকশন পয়েন্ট কর্নার; (ওয়াশিং, প্যাকিং, ওজন)
৩। ওয়াশিংয়ের জন্য সাবমার্সিবল/মোটর চালিত টিউবওয়েল; (বিদ্যুৎ সংযোগ সম্বলিত)
৪। কৃষি বিষয়ক পরামর্শক সেবার জন্য একটি রুম;
৫। ট্রে সম্বলিত চারা উৎপাদন, চারা ও বীজ বিক্রয়ের জন্য পলিশেড নির্মিত একটি চেম্বার।
৬। বাংলা গ্যাপের আওতায় উৎপাদিত পণ্য বিক্রয় প্রদর্শনী ও ক্রেতার সাথে সংযোগের জন্য একটি নিরাপদ কৃষি পণ্যের কর্ণার।

### ১.৩ অবকাঠামোগত ব্যয়:

১। অবকাঠামোগত সকল ব্যয় সরকারিভাবে পার্টনার প্রোগ্রাম ডিএএম অংশ হতে ব্যয় নির্বাহ করা হবে।

### ১.৪ জমিদাতার বা বিনিয়োগকারী সুবিধাসমূহ: (আয়ের উৎসসমূহ)

১। কৃষি উপকরণ বিক্রয়কারী/প্রতিষ্ঠান থেকে অর্ডারের উপর ভিত্তি করে কমিশন বা চার্জ নিতে পারবে মাসিক ভিত্তিতে। যেমন- বীজ বিক্রয়, মেশিনারিজ ভাড়া ও বিক্রয়।
২। পলিশেডের ভিতরে ট্রেতে উৎপাদিত মানসম্মত চারা বিক্রয় থেকে মুনাফা;
৩। কৃষকের পণ্য বিক্রির জন্য নীতিমালা অনুযায়ী কৃষক ও ব্যবসায়ী থেকে নির্ধারিত পরিমান কমিশন আদায় করতে পারবে। আড়তদারের কমিশন এবং সাধারণ বাজারের ইজারার পরিমাণ থেকে কৃষক অনেক কম কমিশন দিয়ে পণ্য বিক্রয় ও হাব মালিক বা ম্যানেজারের কাছে বিক্রি করতে পারবে;
৪। হাবের মালিক এবং বিজনেস স্কুলের সদস্যারা সম্মলিত ভাবে অনুদানের মাধ্যমে প্রোগ্রাম থেকে পরিবহন সুবিধা নিতে পারবে;
৫। একজন তরুণ যুবক/নারী কৃষি বিষয়ক পরামর্শক সেবা দিতে পারবেন (জমিদাতা বা অপারেশন ম্যানেজার নিজে বিষয়টির সেবা প্রদানকারী হতে পারবে)।
৬। বিনিয়োগকারী বা হাবের মালিক বা নির্বাচিত ম্যানেজারকে **সিনজেন্টা ফাউনডেশন ফর সাসটেইনবল** এগ্রিকালচার (এসএফএসএ) এর মাধ্যমে প্রোগ্রামের আওতায় হাব পরিচালনার বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হবে।

CamScanner